

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪২৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ পেশাবকারী ব্যক্তির নিকটবর্তী হওয়া জায়েয, যখন পেশাবকারী ব্যক্তি তার ব্যাপারে লজ্জাবোধ না করবে

ذِكْرُ إِبَاحَةِ دُنُقِ الْمَرْءِ مِنَ الْبَائِلِ إِذَا لَمْ يَكُنْ يَحْتَشِمُهُ

## আরবী

1424 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ حُذَيْفَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى سُبَاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا فَدَنَوْتُ مِنْهُ حَتَّى صِرْتُ عِنْدَ عَقِبِهِ وَصَبَبْتُ عَلَيْهِ الْمَاءَ فَتَوَضَّاً ومسح على خُفَيه.

الراوي: حُذَيْفَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1424 | خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

১৪২৪. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার এক সম্প্রদায়ের ময়লা ফেলার জায়গায় আসেন অতঃপর দাঁড়িয়ে পেশাব করেন। আমি তাঁর কাছাকাছি আসি এমনকি আমি তাঁর পায়ের গোড়ালীর কাছে দাঁড়াই। তারপর আমি তাঁকে পানি ঢেলে দেই ফলে তিনি ওযু করেন এবং দুই মোজার উপর মাসেহ করেন।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২৪; আবূ দাউদ: ২৩; নাসাঈ: ১/২৫; আব্দুর রাযযাক: ৭৫১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২৩; তিরমিযী: ১৩; মুসনাদ আহমাদ: ৫/৩৮২; সহীহ মুসলিম: ২৭৩; ইবনু মাজাহ: ৩০৫; দারেমী: ১/১৭১; সহীহ ইবনু খুযাহীহ: ১৬১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন